

# এইচএসসির সেই ভুল প্রশ্নের নম্বর পাবেন সব পরীক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

১৫ জুলাই ২০২৪, ১২:০০ এএম



ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বোর্ডে এইচএসসির পদার্থবিজ্ঞান প্রথমপত্রের ইংরেজি ভাষনের প্রশ্নপত্রে একটি ভুল প্রশ্নে পরীক্ষা দিয়েছেন শিক্ষার্থীরা। প্রশ্নটি ভুল থাকায় তার সঠিক উত্তর করতে পারেননি কেউ। এ নিয়ে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশ হয়। বিষয়টি নজরে আসার পর ইংরেজি ভাষনে ওই বিষয়ে পরীক্ষা দেওয়া সব শিক্ষার্থীকে ভুল প্রশ্নের নির্ধারিত নম্বর দিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বোর্ড।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার গতকাল রবিবার বিষয়টি নিশ্চিত করে বলেন, বিষয়টি আমাদের নজরে এসেছে। টাইপিং ভুলের কারণে প্রশ্নটি ভুল থেকে গেছে। এ নিয়ে আমরা পরীক্ষকদের নির্দেশনা দেব। ওই প্রশ্নপত্রে পরীক্ষায় অংশ নেওয়া সব শিক্ষার্থী নির্ধারিত নম্বর পাবে।

জানা গেছে, গত ১১ জুলাই অনুষ্ঠিত ঢাকা বোর্ডের পদার্থবিজ্ঞান প্রথমপত্র পরীক্ষার প্রশ্নপত্রে দুটি জায়গায় ভুল ও অসঙ্গতি ছিল। প্রশ্নটি সংশোধন না করায় উত্তর মেলাতে না পেরে ইংরেজি ভাষনের শিক্ষার্থীরা ৮ নম্বর কম পাওয়ার আশঙ্কা করেন।